

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৫৮০০.০১৭.২৭.০০১.১৭. ৫৫৭

তারিখ : ২০ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ।
০৪ জুলাই, ২০১৮ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলাধীন ৫নং কালাপুর ইউনিয়ন পরিষদের সদস্য জনাব মোঃ ফজর আলীর বিরুদ্ধে দায়েরকৃত শ্রীমঙ্গল থানার জি, আর মামলা নং-৯৩/১৭ দন্ডবিধি আইনের-১৪৩/৩৪১/৩২৩/৩২৫/ ৩০৭/৩০২/১১৪/৩৪ ধারার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, উক্ত সদস্য জনাব মোঃ ফজর আলীর বিরুদ্ধে শ্রীমঙ্গল থানার জি, আর মামলা নং-৯৩/১৭ মামলায় দন্ডবিধি আইনের-১৪৩/৩৪১/৩২৩/৩২৫/ ৩০৭/৩০২/১১৪/৩৪ ধারার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(খ) অনুযায়ী জনস্বার্থে তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলাধীন ৫নং কালাপুর ইউনিয়ন পরিষদের সদস্য জনাব মোঃ ফজর আলীর বিরুদ্ধে দায়েরকৃত শ্রীমঙ্গল থানার জি, আর মামলা নং-৯৩/১৭ এ দন্ডবিধি আইনের-১৪৩/৩৪১/৩২৩/৩২৫/৩০৭/ ৩০২/১১৪/৩৪ ধারায় অভিযোগপত্র ০৪/০১/ ২০১৮ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এবং উক্ত ইউপি সদস্য কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উক্ত ইউপি সদস্য জনাব মোঃ ফজর আলীকে তাঁর স্বীয় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব


☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৫৮০০.০১৭.২৭.০০১.১৭. ৫৫৭

তারিখ : ২০ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ।
০৪ জুলাই, ২০১৮ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ ফজর আলী, সদস্য (সাময়িক বরখাস্তকৃত), ৫নং কালাপুর ইউনিয়ন পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার


(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব